সন্ন্যাসী যুবক

একই টেবিল ছুঁয়ে থেকে
বহু ক্রোশ সরে গেছে প্রকৃত হৃদয়!
কী এমন জাদুদন্ড মানুষের সহজাত প্রবাহকে ছিঁড়ে
দু'খন্ড করেছে?

ঘন রাত্রির বুকে জন্মান্ধ লতার গন্ধ শুঁকে শুঁকে
সজল হৃদয় খুঁজে আঁকশির বন্ধনে জড়ায়!

নতজানু হও তুমি। ভিক্ষে চাও ওই ভালবাসা
মহার্ঘ আশ্রয়। দেখো
কত দ্রুত বৃদ্ধ হয় রূপবান ক্যালেন্ডারগুলি, কত দ্রুত
সবুজের দণ্ডগুলি হলুদ জন্ডিসে খসে যায়।

হ্যালোজেন আলোটুকু কেবল নিজের মুখে টেনে নেবে বলে
এত কোলাহল, ধাক্কাধাক্কি
একে ওকে ঠেলে মঞ্চে উঠতে গিয়ে অসহিষ্ণু পদক্ষেপে
বিনীত ও নান্দনিক সিঁড়ি ভেঙে ফেলা।

ওই শোন, সদনপ্রাঙ্গণে
কিছুই না পাওয়া এক উদাসীন সন্ন্যাসী যুবক
অবিরাম রবীন্দ্রসঙ্গীত বুলিয়ে
শুষে নিচ্ছে বাতাসের বিষ। উচ্চাকাঙ্ক্ষাগুলি
দু'পায়ে মাড়িয়েছে যেতে যেতে
আপন আত্মার নির্জন সৌরভে
কি নিবিড় মগ্ন হয়ে আছে!

রমেন আচার্য